**AKASHVANI KOLKATA**
**Regional News Unit**

**Date: 10.07.2026** **Desk in Charge : K. L.**
**Time: 7-35 AM** **Edit.:- Sudip B.**
**DEO: KB** **Compile. & NRT. : Sudip B.**

বিশেষ বিশেষ খবরঃ-

১/ কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, সীমান্ত নিরাপত্তা আরও জোরদার করা এবং জনবিন্যাস পালটে দেওয়ার অপপ্রয়াসের বিরুদ্ধে কড়া ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিয়েছেন।

২/ তৃণমূল কংগ্রেস সরকারের আমলে বিভিন্ন সরকারি দফতরে আর্থিক অনিয়ম ও দুর্নীতির অভিযোগ খতিয়ে দেখতে, রাজ্য সরকার 'শ্বেতপত্র' প্রকাশের প্রক্রিয়া শুরু করেছে।

৩/ 'অন্নপূর্ণা যোজনা'য় আবেদনকারীর নাম, আধার সংক্রান্ত তথ্যে ছোটোখাটো সংশোধনের জন্য অনলাইন পোর্টালে এডিট করার সুবিধা চালু করছে রাজ্য সরকার।

৪/ সুখেন্দুশেখর রায়, সুস্মিতা দেব ও প্রকাশ চিক বরাইক, পশ্চিমবঙ্গ থেকে রাজ্যসভার ৩ টি আসনে বিজেপির প্রার্থী হচ্ছেন। # গতকালই তাঁরা বিজেপিতে যোগ দেন।

৫/ মেট্রোর কাজের জন্য চিংড়িহাটা উড়ালপুল, আজ রাত ৮'টা থেকে ১৩'ই জুলাই সকাল ৮'টা পর্যন্ত বন্ধ থাকছে।

৬/ নিম্নচাপ অক্ষরেখা ও ঘূর্ণাবর্তের প্রভাবে, কলকাতা সহ দক্ষিণবঙ্গের জেলাগুলিতে ভারি বৃষ্টির পূর্বাভাস। # উত্তরবঙ্গেও ভারি থেকে অতি ভারি বৃষ্টির সতর্কতা।

*******************************************************************

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, পশ্চিমবঙ্গ সহ বিভিন্ন রাজ্যের সীমান্তবর্তী জেলার পুলিশ সুপারদের নিয়ে গতকাল বৈঠক করেছেন। স্পর্শকাতর এলাকাগুলির বর্তমান পরিস্থিতি খতিয়ে দেখে দেশের সীমান্ত নিরাপত্তা আরও জোরদার করা এবং সুরক্ষা ব্যবস্থা বৃদ্ধি করার বিষয়ে পর্যালোচনা করা হয় বৈঠকে। অনুপ্রবেশ, অবৈধ অভিবাসন, সীমান্ত সুরক্ষা, ও মাদক পাচারের মত বিষয়ও ছিল আলোচ্যসূচীতে। পশ্চিমবঙ্গ সহ দেশের পূর্বাঞ্চলে আন্তর্জাতিক সীমান্ত লাগোয়া জেলাগুলিতে অনুপ্রবেশের ফলে জনবিন্যাস পালটে দেবার যে সংগঠিত অপরাধ চক্র চলেছে, তার বিরুদ্ধে কেন্দ্রের তৎপরতার মধ্যেই গতকালের এই বৈঠক।

উল্লেখ্য, দেশের বিভিন্ন স্থানে জনবিন্যাসের পরিবর্তিত প্রভাব ও তার সম্ভাব্য কারণ খতিয়ে দেখতে, সম্প্রতি এক উচ্চপর্যায়ের কমিটি গঠন করা হয়।

****************************

তৃণমূল কংগ্রেস সরকারের ১৫ বছরের শাসনকালে বিভিন্ন সরকারি দফতরে আর্থিক অনিয়ম ও দুর্নীতির অভিযোগ খতিয়ে দেখতে শ্বেতপত্র প্রকাশের প্রক্রিয়া শুরু হয়েছে। নবান্নে গতকাল অর্থমন্ত্রী স্বপন দাশগুপ্তের পৌরোহিত্যে এই সংক্রান্ত প্রথম উচ্চপর্যায়ের বৈঠকে বিভিন্ন দফতরের সচিবদের কাছ থেকে প্রকল্পভিত্তিক তথ্য ও নথি চাওয়া হয়েছে। বিশেষ করে কেন্দ্রীয় প্রকল্পের অর্থ অন্য খাতে ব্যবহার, বরাদ্দে অপব্যবহার ও আর্থিক অনিয়মের অভিযোগ খতিয়ে দেখে পূর্ণাঙ্গ রিপোর্ট তৈরির নির্দেশ দেওয়া হয়েছে। বিভিন্ন দফতরের ওই রিপোর্টের ভিত্তিতেই তৃণমূল কংগ্রেস আমলের আর্থিক অনিয়ম নিয়ে শ্বেতপত্র প্রকাশ করা হবে বলে নবান্নে প্রশাসনিক সূত্রে জানা গেছে।

উল্লেখ্য, ওই বৈঠকে শিল্পমন্ত্রী তাপস রায়, পঞ্চায়েত মন্ত্রী দিলীপ ঘোষ এবং একাধিক দফতরের মন্ত্রীরাও উপস্থিত ছিলেন।

***************************

স্বাস্থ্য মন্ত্রী ডাক্তার শারদ্বত মুখোপাধ্যায় বলেছেন, সরকারি হাসপাতালে যাতে মেয়াদ উত্তীর্ণ ওষুধ ব্যবহার না হয় সেই লক্ষ্যে রাজ্য সরকার প্রতি সপ্তাহে হাসপাতালের প্রতিটি ওয়ার্ডে চিরুনি তল্লাশি চালাবে। তিনি গতকাল উত্তর চব্বিশ পরগনার বারাসাত মেডিকেল কলেজ ও হাসপাতাল পরিদর্শনের ফাঁকে সাংবাদিকদের একথা বলেন।

( বাইট- স্বাস্থ্য মন্ত্রী শারদ্বত )

তিনি আরও জানান, বেসরকারি হাসপাতালে ২ হাজার ২৫০'টি শয্যা, দরিদ্র পরিবারের রোগীদের বিনা মূল্যে চিকিৎসার জন্য নির্দিষ্ট হয়েছে। কিভাবে এই পরিষেবা চালু হবে তার মান্য কার্য বিধি তৈরি করা হচ্ছে। প্রান্তিক এলাকায় রোগীদের সুবিধার্থে ৫০ থেকে ১০০ টি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে শয্যার ব্যবস্থা করা হবে।

উল্লেখ্য, গতকালই মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, সরকারি হাসপাতালগুলিতে 'দালাল চক্র' রুখতে সব ধরনের ব্যবস্থা গ্রহণের আশ্বাস দিয়েছিলেন।

( বাইট- শুভেন্দু/ দালাল )

***************************

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ মুর্শিদাবাদ সফরে যাচ্ছেন। মুখ্যমন্ত্রী হওয়ার পর এটি তার প্রথম জেলা সফর। আর্থিক দুর্নীতি, বেকারত্ব এবং আইনশৃঙ্খলা অবনতি নিয়ে রবীন্দ্র ভবনে প্রশাসনিক স্তরে তিনি বৈঠক করবেন বলে জানা গেছে।

নতুন সরকার মুর্শিদাবাদ জেলার জন্য বেশ কয়েকটি ঘোষণা করেছে। এর মধ্যে ফারাক্কায় সুপার স্পেশালিটি হাসপাতাল তৈরি, সামশেরগঞ্জে বিড়ি শ্রমিকদের জন্য হাসপাতালের পরিকাঠামো উন্নয়ন এবং জঙ্গিপুরকে নতুন জেলা ঘোষণার মতো পদক্ষেপ রয়েছে।

রেজিনগরে তকিপুর হাই মাদ্রাসার মাঠে দলের সাংগঠনিক সভাতেও শুভেন্দু বাবুর যোগ দেবার কথা।

***************************

অন্নপূর্ণা যোজনায় আবেদনকারীর নাম, বানান, আধার সংক্রান্ত তথ্যে ছোটখাটো সংশোধনের জন্য অনলাইন পোর্টালে 'এডিট' করার সুবিধা চালু করছে রাজ্য সরকার। এই প্রকল্পের নির্দিষ্ট অফিশিয়াল পোর্টালে শীঘ্রই এই সুবিধা চালু হবে। এতদিন পর্যন্ত একবার ফর্ম জমা হয়ে গেলে সেখানে দেওয়া তথ্য সংশোধনের কোনও ব্যবস্থা ছিল না। পাশাপাশি আবেদনপত্র গৃহিত হলেও ব্যাঙ্কে টাকা ঢোকেনি এমন ক্ষেত্রে আবেদনকারীকে তার কারণ জানাতে হবে। অন্নপূর্ণা যোজনা নিয়ে রাজ্যের নারী ও শিশু বিকাশ এবং সমাজকল্যাণ দপ্তরের সচিবের নেতৃত্বে গতকাল একটি পর্যালোচনা বৈঠকে এবিষয়ে সিদ্ধান্ত হয়েছে।

***************************

রাজ্যপাল R N রবি, রাজ্যের অধিকাংশ বিশ্ববিদ্যালয়ের সার্বিক পরিস্থিতি নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেছেন। গতকাল রাজ্যের ২০টি সরকারি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের সঙ্গে পর্যালোচনা বৈঠক করেন রাজ্যপাল তথা আচার্য। বিশ্ববিদ্যালয়গুলির শিক্ষাগত, প্রশাসনিক, আর্থিক ও পরিকাঠামোগত পরিস্থিতি নিয়ে উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে এই বৈঠক হয়।

রাজ্যপাল বলেন, গত ১০-১২ বছরে প্রতিষ্ঠিত একাধিক বিশ্ববিদ্যালয় যথাযথ পরিকল্পনা ও পরিকাঠামো ছাড়াই গড়ে তোলা হয়েছে। অনেক বিশ্ববিদ্যালয়ের নিজস্ব স্থায়ী ক্যাম্পাসও নেই। সমাবর্তন না হওয়ায় বহু শিক্ষার্থী বছরের পর বছর ডিগ্রি হাতে পাচ্ছেন না বলেও উদ্বেগ প্রকাশ করেন রাজ্যপাল। রাজ্যপাল যোগ্য পড়ুয়াদের দ্রুত ডিগ্রি প্রদানের ব্যবস্থা করতে বলেছেন।

**************************

ক্ল্যারিক্যাল ক্যাডারের কিছু কর্মীর ইনক্রিমেন্ট বন্ধ করা নিয়ে রাজ্যের অর্থ দপ্তরের তরফে গতকাল যে আদেশনামা প্রকাশ করা হয়েছে, রাজ্য কোঅর্ডিনেশন কমিটি তা পুনর্বিবেচনা করতে রাজ্য সরকারের কাছে দাবি জানিয়েছে। কমিটির সাধারণ সম্পাদক বিশ্বজিৎ গুপ্ত চৌধুরী বলেন, সরকারের নীতি কখনো দ্বিমুখী হতে পারে না।

( বাইট-বিশ্বজিৎ গুপ্ত চৌধুরী )

উল্লেখ্য, রাজ্য সরকার কম্পিউটার পরীক্ষা না দিয়েই পদোন্নতি পাওয়া সরকারি কর্মীদের একাংশের বার্ষিক বেতন বৃদ্ধি বা ইনক্রিমেন্ট স্থগিত রাখার সিদ্ধান্ত নিয়েছে।

**************************

সুখেন্দুশেখর রায়, সুস্মিতা দেব এবং প্রকাশ চিক বরাইক, এরাজ্য থেকে রাজ্যসভার তিনটি আসনে বিজেপির প্রার্থী হচ্ছেন। দলের কেন্দ্রীয় কমিটির পক্ষ থেকে গতকাল এই মর্মে এক বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। ওই তিনজন গতকালই বিজেপিতে যোগদান করেন।

দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য কলকাতায় এক সাংবাদিক বৈঠকে আনুষ্ঠানিকভাবে তাঁদের হাতে দলীয় পতাকা তুলে দেন। পরে তিনি সাংবাদিকদের বলেন, এই তিনজনের তাদের দলে যোগদান ব্যতিক্রমী ঘটনা।

( বাইট- শমীক )

**************************

কোনও মহিলার অভিযোগ প্রত্যাখান করা যাবে না, সঙ্গে সঙ্গে ‘জিরো এফআইআর’ দায়ের করতে হবে বলে থানার ভারপ্রাপ্ত আধিকারিকদের নির্দেশ দিয়েছে কলকাতা পুলিশ। পাশাপাশি কোনও নাবালিকা নিখোঁজ হওয়ার সঙ্গে সঙ্গেই অপহরণের মামলা

দায়ের করে শুরু করতে হবে তদন্ত। রাজ্য সরকারের নির্দেশ মতো থানায় ‘মহিলা হেল্প ডেস্ক’ পুরোদস্তুর চালু হওয়ার আগে গতকাল কলকাতা পুলিশের ১৮৩ জন মহিলা পুলিশকর্মী ও আধিকারিককে প্রশিক্ষণ দিয়েছে লালবাজার। উপস্থিত ছিলেন পুলিশ কমিশনার অজয় নন্দা।

**************************

দক্ষিণ ২৪ পরগনার বারুইপুরে নাবালিকার ধর্ষণ ও খুনের ঘটনার পর এনকাউন্টারে অন্যতম অভিযুক্ত প্রভাস মন্ডলের মৃত্যুর তদন্তভার দেওয়া হয়েছে রাজ্য পুলিশের সিআইডি-কে। এই ঘটনায় ইতিমধ্যেই বিচারবিভাগীয় তদন্তও করা হয়েছে। পুলিশের তরফে জানা গেছে, মঙ্গলবার রাত পৌনে একটা নাগাদ অভিযুক্ত প্রভাসকে নিয়ে ঘটনার পুনর্নির্মানের জন্য আধিকারিকরা ঘটনাস্থলে গেলে প্রভাস এক পুলিশ কর্মীরা কাছ থেকে বন্দুক ছিনিয়ে নিয়ে গুলি চালায়। আত্মরক্ষার্থে পুলিশের পাল্টা গুলিতে মৃত্যু হয় প্রভাসের।

এদিকে, এই ঘটনায় ধৃত চতুর্থ অভিযুক্ত কবীর মোল্লাকে ১০ দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে। তাকে গতকাল বারুইপুর মহকুমা আদালতে তোলা হয়।

**************************

সেচ দপ্তরে চাকরি দেওয়ার নামে আর্থিক প্রতারনার মামলায় গতকাল সবং থানায় হাজিরা দিয়েছেন প্রাক্তন মন্ত্রী মানস রঞ্জন ভুঁইঞা। আড়াই ঘণ্টার বেশি সময় ধরে তাঁকে জিজ্ঞাসাবাদ করা হয়েছে বলে জানা গেছে।

**************************

মেট্রোর কাজের জন্য চিংড়িহাটা উড়ালপুল আজ রাত ৮টা থেকে ১৩ই জুলাই সোমবার সকাল ৮টা পর্যন্ত বন্ধ থাকবে। এই সময় এই অংশে কোনো যান চলাচল করবে না বলে পুলিশের তরফে এক বিবৃতিতে জানানো হয়েছে।

**************************

কলকাতা ও তার আশপাশের এলাকায় গতরাত থেকে লাগাতার বৃষ্টি তে জনজীবন কিছুটা বিপর্যস্ত। সকাল সাড়ে ছটা পর্যন্ত আলিপুরে প্রায় ২৮ মিলিমিটার বৃষ্টি রেকর্ড করা হয়েছে। মৌসুমী অক্ষরেখা এরাজ্যের বাঁকুড়া ও দীঘা হয়ে বিস্তৃত রয়েছে। পাশাপাশি একটি ঘূর্ণাবর্ত অবস্থান করায় আগামী সোমবার পর্যন্ত কলকাতা সহ দক্ষিণবঙ্গের একাধিক জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে বলে, আবহাওয়া বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় আকাশবাণীকে জানিয়েছেন---

( বাইট- সৌরিশ বন্দ্যোপাধ্যায় )

মৎস্যজীবীদের আজও গভীর সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

এদিকে উত্তরবঙ্গের দার্জিলিং, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার জেলায় আজ ভারী থেকে অতি ভারী বৃষ্টির পুর্বাভাস রয়েছে। উত্তর ও দক্ষিণ দিনাজপুর, কালিম্পং ও কোচবিহার জেলায় ভারী বৃষ্টির সতর্কতা রয়েছে।

*********************************************************************